

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভার রেজুলেশন ঝিকরগাছা, যশোর।

সভা নম্বর: ০১/২০২৫

তারিখ: ০৫ অক্টোবর ২০২৫ খ্রি.

সময়: সকাল ১০.০০ টা

স্থান: উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ঝিকরগাছা, যশোর এর সভাকক্ষ।

সভাপতি:

জনাব ভূপালী সরকার

প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”-তে দেখানো হলোঃ-

আলোচ্যসূচি (Agenda):

১. পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ, অনুমোদন ও দৃঢ়করণ।
২. হাসপাতালের সুষ্ঠু ব্যবস্থাপনা ও প্রতিবন্ধকতা সমূহ নিরসন।
৩. পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধিকরণ।
৪. র‍্যাবিস ভ্যাকসিন।
৫. নতুন সদস্য কো-অপ্টকরণ।
৬. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর জনাব মোঃ আব্দুর রশিদ গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। কোন প্রকার সংশোধনী/আপত্তি উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় নির্ধারিত আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা করা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচনার বিষয়	আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
হাসপাতালের সুষ্ঠু ব্যবস্থাপনা ও প্রতিবন্ধকতা সমূহ নিরসন	সভাপতি মহোদয় হাসপাতালের সুষ্ঠু ব্যবস্থাপনা ও প্রতিবন্ধকতা সমূহ নিরসনের বিষয়ে গুরুত্বারোপ করেন এবং এ বিষয়ে সংশ্লিষ্টগণের সহযোগিতা কামনা করেন। সভাপতি মহোদয় হাসপাতাল ব্যবস্থাপনা কমিটিকে সুষ্ঠু ব্যবস্থাপনার নিমিত্ত আরো কার্যকরী ভূমিকা পালন করার জন্য অনুরোধ জানান। পাশাপাশি প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিতপূর্বক অগ্রাধিকার ভিত্তিতে সেগুলো নিরসনকল্পে কার্যকর ভূমিকা রাখার জন্য হাসপাতাল ব্যবস্থাপনা কমিটিকে অনুরোধ জানান এবং কার্যক্রমে অগ্রগতিসমূহ পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করেন।	হাসপাতাল ব্যবস্থাপনা কমিটি


	সিদ্ধান্তঃ- হাসপাতালের সুষ্ঠু ব্যবস্থাপনা ও প্রতিবন্ধকতা সমূহ নিরসন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	
পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধিকরণ	সভাপতি মহোদয় হাসপাতালের ভিতর এবং বহিরাংশের পরিষ্কার পরিচ্ছন্ন রাখার উপর গুরুত্বারোপ করেন এবং বহিরাংশের ঝোপঝাড় বৃদ্ধির কারণে যেন মশার উপস্রব বৃদ্ধি তথা মশাবাহিত রোগের বিস্তার ঘটতে না পারে সেবিষয়ে সংশ্লিষ্টগণকে সজাগ দৃষ্টি রাখার পরামর্শ প্রদান করেন। সিদ্ধান্তঃ- হাসপাতালের ভিতরের অংশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য স্যানিটাইজেশন কার্যক্রম জোরদারকরণ ও বহিরাংশের ঝোপঝাড় পরিষ্কারকরণ ও নির্দিষ্ট সময় অন্তর ফগার মেশিন ব্যবহার করে মশক নিধন নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ/হাসপাতাল ব্যবস্থাপনা কমিটি
র্যাবিস ভ্যাকসিন	র্যাবিস ভ্যাকসিন বিষয়ক আলোচনায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মহোদয় বলেন যে, ভাদ্র আশ্বিন মাসে বছরের অন্য সময়ের তুলনায় স্বাভাবিকভাবে র্যাবিস ভ্যাকসিনের চাহিদা বেড়ে যায়; তবে বর্তমানে চাহিদার তুলনায় র্যাবিস ভ্যাকসিনের মজুদ নিতান্তই কম বলে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা অভিমত ব্যক্ত করেন এবং এডিপি'র অর্থায়নে চাহিদা মাফিক আরো র্যাবিস ভ্যাকসিন সরবরাহ করতে প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর মহোদয়কে অনুরোধ জানান। এতদ্বিষয়ে সভাপতি মহোদয় সংশ্লিষ্ট বিষয়ে পর্যাপ্ত বরাদ্দ আছে এবং ক্রয় করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন। সিদ্ধান্তঃ- চাহিদা নির্ধারণপূর্বক উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর এর আওতায় এডিপি'র অর্থায়নে প্রয়োজনীয় সংখ্যক র্যাবিস ভ্যাকসিন ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ
নতুন সদস্য কো-অপ্টকরণ	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির কার্যক্রমে গতিশীলতা আনয়ন তথা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগীয় কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক রূপদান করনের লক্ষ্যে কমিটিতে নতুন সদস্য অর্ন্তভুক্তিকরণ জরুরী বলে কমিটির সদস্যগণ মতামত প্রকাশ করেন। সিদ্ধান্তঃ- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটিতে নতুন সদস্য কো-অপ্টকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কমিটি
স্বাস্থ্য বিভাগীয় আলোচনা	সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিভাগীয় কার্যক্রমের আলোচনায় স্বাস্থ্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে মর্মে সভাকে অবহিত করেন। পাশাপাশি তিনি তার দপ্তরের নিম্নরূপ সমস্যাগুলো তুলে ধরেন- ক) আপট্রাসনোগ্রাম মেশিন একেজো হওয়ায় এ সংশ্লিষ্ট সেবাদান কার্যক্রম ব্যাহত হচ্ছে। খ) প্রিন্টারের অভাবে দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে করা সম্ভব হচ্ছে না।	উপজেলা পরিষদ

	গ) এছাড়া মাঠ পর্যায়ের কমিউনিটি ক্লিনিক গুলো মেরামত/সংস্কার, সুপেয় ব্যবহার্য পানির ব্যবস্থাকরণ সহ ওয়াই ফাই ইন্টারনেট সংযোগের ব্যবস্থাকরণ জরুরী বলে তার অভিমত ব্যক্ত করেন। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রসঙ্গত: আরো উল্লেখ করেন যে, উপর্যুক্ত বিষয়ে সরকারী কোন বরাদ্দ না থাকায় এ সংশ্লিষ্ট সমস্যার সমাধান করা সম্ভব হচ্ছে না। এতদ্বিষয়ে তিনি প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর মহোদয়ের সহযোগিতা কামনা করলে প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর মহোদয় এ ব্যাপারে সহযোগিতার আশ্বাস প্রদান করেন। সিদ্ধান্তঃ- উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর এর আওতায় এডিপি/রাজস্ব অর্থায়নে স্বাস্থ্য বিভাগের জন্য ০২(এক) টি আলট্রাসোনোগ্রাম মেশিন, চার(০৪) টি প্রিন্টার ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয় এবং অগ্রাধিকার বিবেচনায় উপজেলাধীন কমিউনিটি ক্লিনিকসমূহের মেরামত/সংস্কার, সুপেয়/ব্যবহার্য পানির ব্যবস্থাসহ ক্লিনিকসমূহে Wifi ইন্টারনেট সংযোগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	
পরিবার পরিকল্পনা বিভাগীয় আলোচনা	সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিভাগীয় কার্যক্রমের আলোচনায় পরিবার পরিকল্পনা বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে মর্মে সভাকে অবহিত করেন। পাশাপাশি তিনি তার দপ্তরের নিম্নরূপ সমস্যাগুলো তুলে ধরেন- ক) স্যাটেলাইট ক্লিনিকের আসবাবপত্র ও উঠান বৈঠকের জন্য ত্রিপলের অভাবে এ সংশ্লিষ্ট সেবাদান কার্যক্রম ব্যাহত হচ্ছে। খ) প্রিন্টারের অভাবে দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে করা সম্ভব হচ্ছে না। গ) মাঠ পর্যায়ের ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র গুলোতে সুপেয়/ব্যবহার্য পানি সুনিশ্চিত করণ জরুরী বলে অভিমত ব্যক্ত করেন। ঘ) এছাড়া বাঁকড়া, নির্বাসখোলা ও গঙ্গানন্দপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে বর্ষা মৌসুমে জলাবদ্ধতাসহ গমনাগমনের সংযোগ রাস্তাটি চলাচলের অনুপযোগী হয়ে পড়ে ফলে কেন্দ্রসমূহে আগত সেবাপ্রার্থীগণ সমস্যার সম্মুখীন হন। সর্বোপরি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, উপর্যুক্ত বিষয়ে সরকারী কোন বরাদ্দ না থাকায় এ সংশ্লিষ্ট সমস্যার সমাধান করা সম্ভব হচ্ছে না। এতদ্বিষয়ে তিনি প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর মহোদয়ের সহযোগিতা কামনা করলে প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর মহোদয় এ ব্যাপারে সহযোগিতার আশ্বাস প্রদান করেন। সিদ্ধান্তঃ- উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর এর আওতায় এডিপি/রাজস্ব অর্থায়নে পরিবার পরিকল্পনা বিভাগের আওতাধীন স্যাটেলাইট ক্লিনিকসমূহের জন্য ২৪	উপজেলা পরিষদ



টি হাতলযুক্ত চেয়ার, ৪৮ টি প্লাস্টিকের হাতলবিহীন চেয়ার, ২৪ টি উন্নতমানের প্লাস্টিকের টেবিল এবং ৬৩ টি ত্রিপল ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয় এছাড়া অফিসে ব্যবহারের জন্য ০২ টি মাল্টি ফাংশনাল প্রিন্টার এবং অগ্রাধিকার বিবেচনায় বিভাগাধীন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের জন্য ১০ টি সাবমার্সিবল পাম্প ক্রয় ও বাকড়া, নির্বাসখোলা ও গঙ্গানন্দপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের আওতাধীন জায়গা ও কেন্দ্রসমূহে গমনাগমনের সংযোগ রাস্তা মাটি দ্বারা ভরটপূর্বক লেভেল সমতাকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	
---	--

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(উপাধী সরকার)

সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

ও

প্রশাসক

উপজেলা পরিষদ, বিকরগাছা, যশোর।

স্মারক নং- ৫৯.১১.৪১২৩.০০৩.০৬.০০১.২০২৫- ৪৪

তারিখঃ- ০৬/১০/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতির জন্য প্রেরিত হলঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, বিকরগাছা, যশোর।
২. প্রশাসক, বিকরগাছা পৌরসভা, বিকরগাছা, যশোর।
৩. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিকরগাছা, যশোর।
৪. প্রোগ্রাম অফিসার, ওয়ান স্টপ ক্রাইসিস সেল, বিকরগাছা, যশোর।
৫. চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান(সকল), ইউনিয়ন পরিষদ, বিকরগাছা, যশোর।
৬. নথি, অত্র দপ্তর।


(ডাঃ মোঃ আব্দুর রশিদ)

সদস্য সচিব

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

ও

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
বিকরগাছা, যশোর।

পরিশিষ্ট “ক”

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভায় উপস্থিত সদস্যগণের তালিকা

(স্বাক্ষরের ক্রমানুসারে)

ঝিকরগাছা, যশোর।

সভা নম্বর: ০১/২০২৫

তারিখ: ০৫ অক্টোবর ২০২৫ খ্রি.

সময়: সকাল ১০.০০ টা

স্থান: উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ঝিকরগাছা, যশোর এর সভাকক্ষ।

ক্রমিক নম্বর	উপস্থিত সদস্যগণের পদবী	কর্মস্থল	কমিটিতে পদবী	মন্তব্য
১	প্রশাসক	ঝিকরগাছা পৌরসভা ঝিকরগাছা, যশোর	সদস্য	
২	চেয়ারম্যান	গংগানন্দপুর ইউনিয়ন পরিষদ	সদস্য (কো-অপ্ট)	
৩	চেয়ারম্যান	মাগুরা ইউনিয়ন পরিষদ	সদস্য	
৪	প্রশাসক	শিমুলিয়া ইউনিয়ন পরিষদ	সদস্য	
৫	চেয়ারম্যান	গদখালী ইউনিয়ন পরিষদ	সদস্য	
৬	প্রশাসক	পানিসারা ইউনিয়ন পরিষদ	সদস্য	
৭	চেয়ারম্যান	ঝিকরগাছা ইউনিয়ন পরিষদ	সদস্য	
৮	প্রশাসক	নাভারন ইউনিয়ন পরিষদ	সদস্য	
৯	প্রশাসক	নির্বাসখোলা ইউনিয়ন পরিষদ	সদস্য	
১০	প্রশাসক	হাজিরবাগ ইউনিয়ন পরিষদ	সদস্য	
১১	চেয়ারম্যান	শংকরপুর ইউনিয়ন পরিষদ	সদস্য	
১২	চেয়ারম্যান	বীকড়া ইউনিয়ন পরিষদ	সদস্য	
১৩	প্রোগ্রাম অফিসার, ওয়ান স্টপ ক্রাইসিস সেল	ঝিকরগাছা, যশোর	সদস্য (কো-অপ্ট)	
১৪	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা	ঝিকরগাছা, যশোর।	সদস্য (কো-অপ্ট)	
১৫	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা	ঝিকরগাছা, যশোর।	সদস্য সচিব	